

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১১৩২.২০১৬- ৪৫৮


তারিখ : ২৩/২/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৬২৯০/২০১৬, বাদী জনাব মোঃ এখলাস আলী, পিতা-মৃত-সাজীদ আলী, গ্রাম-চাড়াবাড়া, পোঃ-লক্ষ্মী বউয়ের বাজার, ওয়ার্ড নং-৪ এর ২ নং ইউনিয়ন পরিষদ, থানা-ছাতক, সুনামগঞ্জ-বনাম-সরকার ও অন্যান্য।

সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার নোয়ারাই ইউনিয়ন পরিষদের নতুন ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ এবং স্থান নির্বাচনের প্রশাসনিক অনুমতির আদেশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং-১৬২৯০/২০১৬ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত রুল ইস্যু পূর্বক বিবাদীগনকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
ফোন-৯৫৪০৯৯৫।

১। জেলা প্রশাসক  
সুনামগঞ্জ।

২। নির্বাহী প্রকৌশলী  
এলজিইডি, সুনামগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (ইউনিয়ন পরিষদ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগীতার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।